ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২৮৭১

জম্পুইজলা, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**আদি কর্মযোগী অভিযান উপলক্ষে জম্পুইজলায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

জম্পুইজলা ব্লকের ব্লক পঞ্চায়েত রিসোর্স সেন্টারে সম্প্রতি আদি কর্মযোগী অভিযানের বিষয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। জম্পুইজলা ব্লকের উদ্যোগে এই প্রস্তুতি সভা আয়োজিত হয়। সভায় জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং জানান, আগামী ১৭ সেপ্টেম্বর, ২০২৫ সারা দেশের সাথে জম্পুইজলা ব্লকেও আদি কর্মযোগী অভিযানের সেবাপর্ব কেন্দ্রের উদ্বোধন করা হবে। জম্পুইজলা ব্লকের অন্তর্গত প্রমোদনগর এডিসি ভিলেজের প্রমোদনগর দ্বাদশমান বিদ্যালয় প্রাঙ্গণে এই সেবাপর্ব কেন্দ্রের উদ্বোধন করা হবে। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন বন, প্রাণীসম্পদ বিকাশ, কৃষি ও কৃষক কল্যাণ, মৎস্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, বিদ্যুৎ প্রভৃতি দপ্তরের আধিকারিকগণ।

*******